গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর অধিনস্ত কর্মকর্তাদের নিয়ে সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব এস. এম. আনছারুজ্জামান, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২৩
সময় : সকাল ১১:০০ ঘটিকা
জুম আইডি : 4022207314
পাসকোড : dpe123

আলোচ্য বিষয়:

১। বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা;
২। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা;
৩। বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় উপপরিচালক (সংস্থাপন), বিভাগীয় উপপরিচালক এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ যথাসময়ে জুম অ্যাপস্ এ সংযুক্ত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় সভাপতি ও পরিচালক (প্রশাসন) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে মাঠপর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি বলেন এটি APA এর একটি আবশ্যিক বিষয়। বিগত অর্থবছরে APA তে যে সকল সূচক নির্ধারন করা হয়েছে তা সকলের সম্মিলিত প্রচেষ্টায় বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। চলতি অর্থবছরেও APA এর কৌশলগত ও আবশ্যিক বিষয়সমূহ শতভাগ বাস্তবায়নে বিভাগীয় উপপরিচালকগণকে সক্রিয় সহযোগিতার অনুরোধ জানান। অতঃপর সভাপতি আলোচ্য বিষয়াবলি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে অনুরোধ করেন। জনাব মোছাম্মদ রোখসানা হায়দার কর্তৃক উপস্থাপনার পরিপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা; | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রণীত 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪' সভায় আলোচনা করা হয়। নির্দেশিকার আলোকে ইতোমধ্যে সকল দপ্তরে সিটিজেনস্ চার্টার প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করা হচ্ছে মর্মে মাঠপর্যায়ের কর্মকর্তাগণ সভাপতিকে অবহিত করেন। বিভাগীয় উপপরিচালকগণ জানান যে, সিটিজেনস্ চার্টার বাস্তবায়নে তাদের এবং অধিনস্থ দপ্তরসমূহের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রতি ত্রৈমাসিকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। এছাড়া, বিভিন্ন সময়ে অংশীজনের মতামতের ভিত্তিতে সিটিজেনস্ চার্টার নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। মাঠপর্যায়ের কর্মকর্তাদের সাথে আলোচনার প্রেক্ষিতে কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রমগুলো অনুসরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেনঃ<br>**<u>প্রাতিষ্ঠানিক বিষয়সমূহ বাস্তবায়নে নির্দেশনা -</u>**<br>ক) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা করে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা;<br>খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে প্রতি ত্রৈমাসিক একটি করে সভা আয়োজন করা। | 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ২০২৩-২০২৪' মোতাবেক বর্ণিত কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | | গ) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) এবং প্রমানক হিসেবে স্কীন শর্ট গ্রহণ করে সংরক্ষণ করা।<br>**সক্ষমতা অর্জনে নির্দেশনা -**<br>২.১ ক) আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের অনলাইন/ অফলাইনে প্রশিক্ষণের আয়োজন করা।<br>২.২ খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করে যে সকল সেবা প্রদান করা হয়েছে তা সকল অংশীজনকে অবহিত করা। | |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা; | মাঠপর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস্ চার্টারের আলোকে সেবা প্রত্যাশী ব্যক্তিগণ নির্ধারিত সময়ে হয়রানী মুক্তভাবে সেবা পাচ্ছে কিনা সে বিষয়গুলো মাঝে মাঝে যাচাই করে ব্যবস্থা নিতে সভাপতি ও পরিচালক (প্রশাসন) বিভাগীয় উপপরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন। | সিটিজেনস্ চার্টারের আলোকে সেবা প্রত্যাশী ব্যক্তিগণ নির্ধারিত সময়ে মধ্যে হয়রানী মুক্ত সেবা পাচ্ছে কিনা তা যাচাই করে ব্যবস্থা নিতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |
| ৩ | বিবিধ | বিবিধ আলোচনায় উপপরিচালক (সংস্থাপন) জানান যে, সিটিজেনস্ চার্টারের কাজগুলো সময়াবদ্ধ করে নির্ধারন করা হয়েছে। সে মোতাবেক সেবা প্রদান নিশ্চিত করা হলে জনগণের মাঝে প্রাথমিক শিক্ষার বিভিন্ন দপ্তরের গ্রহণ যোগ্যতা বৃদ্ধি পাবে এবং দুর্নীতি মুক্ত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অবদান রাখার সুযোগ তৈরি হবে বিধায় সকলের সক্রিয় অংশগ্রহণের অনুরোধ জানান। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়। | সিটিজেনস্ চার্টার ২০২৩-২০২৪ এর সকল সূচক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

২০।৯।২৩

এস. এম. আনছারুজ্জামান
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৪.২১-৬৩

তারিখ: ০৫ আশ্বিন, ১৪৩০
২০ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে সিটিজেনস্ চার্টার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, পিটিআই -------------------------------সকল জেলা।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

২০।৯।২০২৩

মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)